



স্বাস্থ্য
সুরক্ষা


ঢাকা উত্তর সিটি কর্পোরেশন




ডেঙ্গু প্রতিরোধে করণীয়

- আপনার ঘর/বাড়ির আশেপাশে কোন জায়গায় জমে থাকা পানি ৩ দিন পর পর ফেলে দিন।
- ফুলের টব, প্লাস্টিকের পাত্র, পরিত্যক্ত টায়ার, কমোড, প্লাস্টিকের ড্রাম, মাটির পাত্র, বালতি, টিনের কৌটা, ডাবের খোসা/নারিকেলের মালা, কন্টেইনার, পানির মটকা, ব্যাটারীর শেল, পলিথিন/চিপসের প্যাকেট ইত্যাদিতে জমে থাকা পানিতে এডিস মশা ডিম পাড়ে। এসব জিনিস বাড়ী থেকে সরিয়ে ফেলুন।
- কোন পাত্রের জমা পানি ফেলে দেয়ার পর পাত্রের গায়ে লেগে থাকা এডিস মশার ডিম অপসারণে পাত্রটি ঘষে পরিষ্কার করুন।
- অপ্রয়োজনীয় ও পরিত্যক্ত পানির পাত্র ধ্বংস অথবা উলটে রাখতে হবে।
- বর্ষাকালে ছাদ বাগানের কোন টবে যেন পানি জমতে না পারে তা নিশ্চিত করুন।
- নির্মাণাধীন ভবনের লিফটের গর্তে পানি জমে মশার বংশবিস্তার করে; লিফট স্থাপনের পূর্ব পর্যন্ত এই গর্ত বালি দিয়ে ভরাট করে রাখুন।
- নির্মাণাধীন ভবনের নতুন মেঝে কিউরিং এ ব্যবহৃত পানিতে কেরোসিন ছড়িয়ে দিলে বা নোভালিউরোন ট্যাবলেট ছিটিয়ে দিলে মশা বংশবিস্তার করতে পারে না।
- ওয়াসার পানির মিটারে জমে থাকা পানিতে মশা ডিম পেড়ে বংশবিস্তার করে, পানির মিটারে মাসে একবার নোভালিউরোন ট্যাবলেট প্রয়োগ করুন।
- নোভালিউরোন ট্যাবলেটের জন্য সংশ্লিষ্ট মশক কর্মীর সাথে যোগাযোগ করলে বিনামূল্যে সরবরাহ করা হবে।
- দিনে বা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারী ব্যবহার করতে হবে, শিশুদের ঘুমানোর সময় অবশ্যই মশারী টাঙ্গিয়ে দিবেন।
- এডিস মশা শরীরের খোলা জায়গায় কামড়ায়, তাই যতদূর সম্ভব সমস্ত শরীর ঢাকা থাকে এমন পোষাক পরিধান করতে হবে।
- প্রয়োজনে শরীরের অনাবৃত স্থানে মশা নিরোধক ক্রীম/লোশন ব্যবহার করুন (মুখমণ্ডল ব্যতীত)।
- সম্ভব হলে জানালা এবং দরোজায় মশা প্রতিরোধক নেট লাগাতে হবে যাতে ঘরে মশা প্রবেশ করতে না পারে।
- বর্ষাকালে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পায়, তাই এসময় অধিক সতর্কতা অবলম্বন করতে হবে।

- কেউ জ্বরে আক্রান্ত হলে নিকটস্থ প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র অথবা মাতৃসদন থেকে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করিয়ে নিন। স্বাস্থ্য কেন্দ্রের ঠিকানা- www.dncc.gov.bd



মোঃ আতিকুল ইসলাম
মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন



তিন দিনে এক দিন
জমা পানি ফেলে দিন

দশটায় ১০ মিনিট প্রতি শনিবার
নিজ নিজ বাসাবাড়ি করি পরিষ্কার

সবাই মিলে শপথ করি
পরিচ্ছন্ন নগর গড়ি




মোঃ আতিকুল ইসলাম
সহ
সভাপতি

সবাই মিলে
সবার ঢাকা

সুস্থ, সচল, আধুনিক
ঢাকা

মাস্ক আমার
সুরক্ষা সবার



ডেঙ্গু ও চিকুনগুনিয়া থেকে
আমাদের পরিবারকে নিরাপদ করতে
নিজের আশপাশ পরিষ্কার রাখি,
এডিম মশার বংশবিস্তার রোধ করি

অব্যবহৃত
গাড়ির টায়ার



ফুলের টব



নিয়মিত
পরিষ্কার
করতে হবে

চৌবাচ্চা/
পানির ট্যাংক



ফ্রিজের ট্রে



পানি রাখার
মটকা



অপ্রয়োজনীয় পাত্র,
পরিত্যক্ত কন্টেইনার



হেল্পলাইন
০৯৬০২ ২২২ ৩৩৩
০৯৬০২ ২২২ ৩৩৪

দশমিনিট ১০ মিনিট প্রতি শনিবার
নিজ নিজ বাসাবাড়ি করি পরিষ্কার

মোঃ আতিকুল ইসলাম
মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

